কার্পাসডাঙ্গায় কুড়িয়ে পাওয়া টাকা ফেরত দিয়ে প্রশংসায় ভাসছেন দুই ব্যবসায়ী

দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা বাজারে কাস্টম মোড় সড়কে পড়ে থাকা বেশকিছু টাকা মালিক দিনমজুরের হাতে তুলে দিলেন কাস্টম মোড়ের দুই ব্যবসায়ী। এতে করে বাজারে প্রশংসায় ভাসছেন ওই দুই ব্যবসায়ী।

শুক্রবার সকাল ১০ টার দিকে দিনমজুর উপজেলার সদাবরি গ্রামের মো. সাগরের হরিয়ে যাওয়া টাকা তার হাতে তুলে দেন শ্রমিক নেতা ও ব্যবসায়ী আব্দুল মতিন খশরু ও রফিকুল ইসলাম।

এর আগে সকালের দিকে কাস্টম মোড়ে একটি মানিব্যাগে প্রায় সাড়ে ৮ হাজার টাকা কুড়িয়ে পান স্থানীয় দুই ব্যবসায়ী। শ্রমিক নেতা ও ব্যবসায়ী আব্দুল মতিন খশরু বলেন সকালের দিকে কাস্টম মোড়ে চটকাতলায় বসেছিলাম, এ সময় রাস্তার উপরে একটি মানিব্যাগ দেখতে পাই।

পরে সেটি কুড়িয়ে দেখি মানিব্যাগের ভেতর প্রায় সাড়ে ৮ হাজার টাকা আছে। পরে উপযুক্ত প্রমাণ দিলে সদাবরি গ্রামের দিনমজুর সাগরের হাতে টাকাগুলো তুলে দিই।

সঠিক মালিকের হাতে টাকাগুলো তুলে দিতে পেরে ভালো লাগছে। এ বিষয়ে সাগর বলেন, প্রমাণ নিয়ে টাকা আমার হাতে তুলে দিয়েছেন মতিন ভাই। আমি তার জন্য দোয়া করি, আল্লাহ যেন তার নেক হায়াত দেন।